দৈনিক ইনকিলাব

তারিখ 26 AUG 1988

পৃষ্ঠা ... কলাম ...

# উল্লাপাড়ায় ৫০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

।। গোলাম মোস্তফা ।।

উল্লাপাড়া, ২৪শে আগষ্ট।- উল্লাপাড়া উপজেলার প্রায় ৫০ হাজার শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এই উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে যাবার উপযুক্ত শিশুর সংখ্যা প্রায় ৯৪ হাজার। এর মধ্যে মাত্র ৪৫ হাজার শিশু প্রাথমিক বিদ্যালয়ের দ্বার পর্যন্ত পৌঁছাতে পারে।

উল্লাপাড়া উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৪৫টি। বিভিন্ন সমস্যার কারণে বিদ্যালয়গুলোর ছাত্র সংখ্যা দিন দিন হ্রাস পাচ্ছে। ১৪৫টি প্রাথমিক বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ১৮২৫৫ জন শিশু যাওয়া-আসা করে। এর মধ্যে ২য় শ্রেণীতে উঠতেই প্রায় ৫ হাজার শিশু বিদ্যালয় ত্যাগ করে। ২য় শ্রেণী থেকে তৃতীয় শ্রেণীতে উঠতে আরো ৫ হাজার শিশুর শিক্ষার পথ বন্ধ হয়ে যায়। উল্লাপাড়ার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ২য় শ্রেণীর ছাত্র সংখ্যা ১৩০৮০, তৃতীয় শ্রেণীর ছাত্র সংখ্যা প্রায় ৮ হাজার। ৩য় শ্রেণী থেকে ৪র্থ শ্রেণীতে উঠতে ২ হাজার এবং ৪র্থ শ্রেণী থেকে ৫ম শ্রেণীতে উঠতে আরো ২ হাজার শিশুর শিক্ষা জীবন বন্ধ হয়ে যায়। ফলে বিদ্যালয়গুলোতে ১ম শ্রেণীতে যেখানে ১৮ হাজার শিশু লেখাপড়া করে, সেখানে ৫ম শ্রেণীতে এসে ছাত্র সংখ্যা দাঁড়ায় মাত্র সাড়ে চার হাজারে। ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত পৌঁছাতে প্রায় সাড়ে ১৩ হাজার শিশুর শিক্ষা জীবন বন্ধ হয়ে যায়। অল্প বয়সে এই সমস্ত শিশুরা জড়িয়ে পড়ে শ্রমের সাথে।

প্রাথমিক বিদ্যালয়ের হাল

উল্লাপাড়া উপজেলার ১৪৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৬৫টি বিদ্যালয় গত ২ বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ার পর তা আর মেরামত করা হয়নি। উপজেলার ২/১টি বিদ্যালয় ছাড়া প্রতিটি বিদ্যালয়ে আসবাবপত্রের অভাবে ছাত্রছাত্রীরা মাটিতে বসে লেখাপড়া করে। অনেক বিদ্যালয়ে শুধুমাত্র ৫/৬টি বেঞ্চ ছাড়া আর কোন আসবাবপত্র নেই।

গত ২ বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোতে বেড়া আছে তো ঘর নেই, ঘর আছে তো বেড়া নেই-এই অবস্থায় চলছে। অর্ধেকের বেশী বিদ্যালয়ে নলকূপের কোন ব্যবস্থা নেই।

অপরদিকে উল্লাপাড়ায় ১৩ জন প্রধান শিক্ষক সহ ৮ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে দীর্ঘ দিন ধরে।